



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়

পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

একচেঞ্জ: ৫৫০৬০০০০, সস্প্র: ৫০৯৯

website: www.bsmraau.edu.bd



তারিখঃ ৩০ মে ২০২৩

স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি সংশোধনী

শিক্ষাবর্ষঃ ২০২২-২০২৩


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে দুই বছর মেয়াদী স্পেস কমিউনিকেশন অ্যান্ড নেভিগেশন টেকনোলজি বিভাগে Master of Science in Satellite Communication Engineering (M.Sc Engg)/Master of Satellite Communication Engineering (M. Engg) এবং স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং বিভাগে Master of Science in Space Systems Engineering (M.Sc Engg)/Master of Space Systems Engineering (M. Engg) প্রোগ্রাম সমূহে প্রতিটি প্রোগ্রামে ১৫টি আসনে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। সুনির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী শিক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত লিংকের মাধ্যমে অনলাইন ফরম পূরণপূর্বক আবেদন করতে পারবেন। স্নাতকোত্তর কোর্সসমূহের শিক্ষা কার্যক্রম অত্র বিশ্ববিদ্যালয়ের ঢাকা ক্যাম্পাস পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি ভবন, যা বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত) হতে পরিচালনা করা হবে। বিশ্ববিদ্যালয়ের ভর্তি নীতিমালা অনুযায়ী আগ্রহী শিক্ষার্থীদের মধ্য হতে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং সাক্ষাৎকারের ফলাফলের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের ভর্তি করা হবে।

ভর্তি সংক্রান্ত নির্দেশিকা এবং আবেদনপত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <https://www.bsmraau.edu.bd>-এর Admission-এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম নির্ভুলভাবে পূরণ করে তা অনলাইনে যথাযথভাবে সাবমিট করে নির্দিষ্ট এসএমএস ফরমেট অনুযায়ী ফি পরিশোধ করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ সংক্রান্ত যে কোন কারিগরি বিষয়ে সহায়তার জন্য টেলিটক হটলাইন নম্বর ০১৫০০১২১১২১-৯, ই-মেইল vas@teletalk.com.bd এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের মোবাইল নম্বর ০১৭৬৯৯৯৫০৯৯ ও ই-মেইল admission@bsmraau.edu.bd এ যোগাযোগ করা যেতে পারে।

ভর্তি সংক্রান্ত সময়সূচীঃ

ক্রমিক	ভর্তি কার্যক্রমের বিবরণ	তারিখ ও সময়
১	অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান আরম্ভ	১৫ মে ২০২৩, সোমবার, দুপুর ১২০০ ঘটিকা থেকে
২	অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান সমাপ্ত	০৮ জুন ২০২৩, বৃহস্পতিবার, রাত ১২০০ ঘটিকা পর্যন্ত
৩	টেলিটক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি সার্ভিস চার্জসহ ১০০০/- (এক হাজার) টাকা (এসএমএস চার্জ ব্যতীত) প্রদানের শেষ তারিখ ও সময়।	১০ জুন ২০২৩, শনিবার, রাত ১২০০ ঘটিকা পর্যন্ত
৪	বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://www.bsmraau.edu.bd) এ প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	১২ জুন ২০২৩, সোমবার
৫	ভর্তি পরীক্ষার তারিখ	১৬ জুন ২০২৩, শুক্রবার, (সকাল ১০০০ ঘটিকা থেকে ১২০০ ঘটিকা পর্যন্ত)।
৬	ভর্তি পরীক্ষার স্থান	বিশ্ববিদ্যালয়ের ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি বিল্ডিংস্থ, বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত)
৭	ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ এবং সাক্ষাৎকারের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://www.bsmraau.edu.bd) এ প্রকাশ করা হবে	২২ জুন ২০২৩, বৃহস্পতিবার
৮	সাক্ষাৎকারের (Viva-Voce) তারিখ ও স্থান	০৫-০৬ জুলাই ২০২৩, বিশ্ববিদ্যালয়ের ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি বিল্ডিংস্থ, বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত)
৯	ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://www.bsmraau.edu.bd) এবং বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের তারিখ	০৮ জুলাই ২০২৩, শনিবার
১০	ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ	০৯-১০ জুলাই ২০২৩
১১	ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ	১৬ জুলাই ২০২৩, রবিবার

* বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির যেকোন নির্দেশনা/তথ্য/শর্ত যেকোন সময় বাতিল/পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।


রেজিস্ট্রার